

# যুগান্তর

## কুয়েটে নৌকার মিছিল করায় ছাত্রলীগ কর্মীকে মারধরের অভিযোগ

👤 খুলনা ব্যুরো

🕒 ৩০ নভেম্বর ২০২৩, ০৪:৩৬:০৭ | [অনলাইন সংস্করণ](#)



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নৌকার মিছিল করায় ছাত্রলীগ কর্মীকে মারধরের ঘটনা ঘটেছে। এ বিষয়ে কুয়েটে উত্তেজনা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়ে তদন্ত করবে বলে জানিয়েছেন।

জানা যায়, মঙ্গলবার খুলনা-৩ আসনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী এস এম কামালের পক্ষে কুয়েট ক্যাম্পাসে মিছিল করে ছাত্রলীগ নেতাকর্মীরা। এ ঘটনার পর বুধবার রাতে কুয়েটের লালন শাহ হলের সামনে মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ১৮ ব্যাচের ছাত্র আব্দুল্লাহকে লাঠি দিয়ে পেটানো হয়।

আব্দুল্লাহ জানান, কয়েকজন শিক্ষার্থী এসে লাঠি দিয়ে তাকে হঠাৎ করেই মারধর শুরু করে। এসময় তারা বলতে থাকে কেন নৌকার মিছিলে গেছিস। পরবর্তীতে তাকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

এ বিষয়ে কুয়েট ছাত্রলীগের সভাপতি রুদ্দ নীল সিং জানান, হাতাহাতির ঘটনা সঠিক। তবে নৌকার মিছিলের বিষয়ে মারছে কি না এটা আমরা তদন্ত করে দেখব। আমরাও কেউই নৌকার বাইরে না।

কুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর ড. আব্দুল মতিন যুগান্তরকে বলেন, বিষয়টি আমি জেনেছি। কুয়েট উপাচার্যকেও বিষয়টি জানানো হয়েছে। আমরা বিস্তারিত খোঁজ-খবর নিচ্ছি। তদন্ত করা হবে।

প্রসঙ্গত, খুলনা-৩ আসনের পরপর তিনবারের সংসদ সদস্য এবং শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ানকে বাদ নিয়ে কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসনকে এ আসনে নৌকা প্রতীকের প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছে।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

